

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ ডিসেম্বর ২০২৩খ্রি.

সংস্কার হলো বাইশ মহল্লা কবরস্থান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থায়নে নগরীর স্টেশন রোডের পাশে চৈতন্য গলির বাইশ মহল্লা কবরস্থানের সংস্কার করা হয়েছে। সোমবার চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী সংস্কারকৃত কবরস্থানসহ সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করেন। সংস্কার কাজের অংশ হিসেবে পুরাতন স্টেশন রোডস্থ জঙ্গি শাহ মাজার পুনঃনির্মাণ এবং কবরস্থানে দুটি গেট নির্মাণ করার পাশাপাশি কবরস্থানে টাইলস দিয়ে নির্মাণ করা হয়েছে সিঁড়ি। এছাড়া কবরস্থান সংলগ্ন সড়কসমূহে সৌন্দর্যবর্ধন করা হয়েছে। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম, বাইশ মহল্লা সর্দার কমিটির সভাপতি মোহাম্মদ ইউসুফ সর্দার, সাধারণ সম্পাদক মাকসুদ আহমদ সর্দার, শওকত হোসাইন, আলী বক্স, সালাউদ্দিন ইবনে আহমেদ, মোহাম্মদ তারেক, জাহেদ হোসেন, মো. শাহজাহান, মো. আব্বাস, ৩১ নং আলকরণ ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোহাম্মদ ইব্রাহীম প্রমুখ।

৫০০ শীতাত্তরকে শীতবস্ত্র দিলেন চসিক মেয়র রেজাউল

পাঁচশ শীতাত্তরের হাতে দুর্বীর তারুণ্য ফাউন্ডেশনের সহায়তায় শীতবস্ত্র তুলে দিলেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। সোমবার সন্ধ্যায় টাইগারপাস এলাকায় সংগঠনটির ‘শীতের আমেজ-০২’ নামের শীতবস্ত্র বিতরণ প্রজেক্ট উদ্বোধন করার পর বিভিন্ন রাস্তা ঘুরে বিভিন্ন বয়স ও পেশার মানুষদের মাঝে মেয়র শীতবস্ত্র বিতরণ করেন। এ সময় মেয়র সমাজের বিত্তবানদের দরিদ্র জনগণের সহায় এগিয়ে আসার আহবান জানিয়ে বলেন, প্রতি বছরই তীব্র শীতে অনেক মানুষ প্রাণ হারান, অসুস্থ হয়ে পড়েন। সমাজের বিত্তবান শ্রেণি এগিয়ে আসলে শীতাত্তর মানুষদের প্রাণ রক্ষা সম্ভব। যঁড়ঃকেবল কম্বল নয়, বয়স ভেদে শীতবস্ত্র করবো দান, বেঁচে থাকুক সকল প্রাণুঁড়ঃ; এই স্লোগানকে সামনে রেখে গতবছরের ন্যায় এবারও ২ হাজার মানুষকে শীতবস্ত্র বিতরণ করার লক্ষ্য নিয়ে সংগঠনটি কাজ করছে বলে জানান সংগঠনের প্রতিষ্ঠাতা মুহাম্মদ আবু আবিদ। এসময় আরও উপস্থিত শাওন ঘোষ, কামরুল ইসলাম, মেহরাজ উদ্দিন, সাকিফুল ইসলাম, সাফায়েত মোর্শেদ, আদনান সাকিবসহ দুর্বীর তারুণ্য’র নেতৃবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮